গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.১১০

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯
২৪ এপ্রিল ২০২২

বিষয়: **২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের মার্চ/২০২২ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

১.	২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচিসমূহের ফেব্রুয়ারি/২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৩/০৪/২০২২ তারিখে ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষে সরাসরি ও জুম ক্লাউড প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), পরিচালক (গবেষণা), সকল প্রকল্প/ কর্মসূচি পরিচালক ও বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
২.	উপস্থাপনঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।
৩.	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ গত ১৩/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।
৪.	বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ
৪.১	৪.১.১ ২০২১-২২ অর্থবছরে আরএডিপিতে অন্তর্ভূক্ত প্রত্যেকটি প্রকল্প ও কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার পাশাপাশি সকল কাজের গুণগত মান ও স্বচ্ছতা বজায় রাখতে মহাপরিচালক মহোদয় আবারও সংশিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে, "যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ" প্রকল্পের পরিচালক জনাব ড. এ কে এম সাইফুল ইসলাম সভাকে জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী গবেষণা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং "অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের পরিচালক জনাব ড. মোঃ জামিল হাসান সভাকে জানান যে, অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, প্রদর্শনী, বীজ উৎপাদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এছাড়া ২০২১-২২ অর্থবছরে নতুন অনুমোদিত কর্মসূচিসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অতি দ্রুত প্রস্তুত করে কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মসূচি পরিচালকদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। পাশাপাশি আগামি ২০২২-২৩ অর্থবছরে সকল প্রকল্প/কর্মসূচিসমূহের সম্ভাব্য ক্রয় পরিকল্পনা এবং ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের স্পেসিফিকেশন প্রস্তুত করে জুলাই/২২ এর মধ্যে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। সকল গবেষণা বিভাগের ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সুষ্ঠুভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে ব্রির এ্যাক্রিডিটেড ল্যাব কমিটিকে একটি তালিকা প্রস্তুত করে পরিচালক (গবেষণা) এর নিকট জমা দেওয়ার পাশাপাশি এ সব ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপযুক্ত সেবা প্রদানকারীদের সাথে আলোচনান্তোর পরবর্তী সভায় উপস্থাপনের জন্য পরিচালক (গবেষণা) কে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। ফসল পঞ্জিকার আলোকে দেশের বিভিন্ন অঞ্চলের ধানভিত্তিক শস্য বিন্যাসকে গুরত্ব দিয়ে অপ্টিমাম সময়ে বপন ও অন্যান্য কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনার উপর জোর দিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় আগামি ১৫ জুন/২০২২ এর মধ্যে ধানভিত্তিক শস্য বিন্যাসকে গুরত্ব দিয়ে অঞ্চলভিত্তিক ফসল বিন্যাসের উপর কর্মশালার আয়োজন করতে আরএফএস বিভাগসহ সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক মহোদয় কর্মসূচির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে কর্মসূচির পরিচালকগণ তাদের কার্যক্রমের অগ্রগতি বিস্তারিতভাবে ব্যক্ত করেন যা নিম্নে দেওয়া হলো।
	৪.১.১.১ 'বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ' শীর্ষক কর্মসূচির আওতায় এ্যাক্রিডিটেড ল্যাবে বর্তমানে মাটি পানি, ধান, ধানের কুড়া, চাল এবং চালজাত খাদ্য ও তেলে ব্যবহৃত ক্ষতিকারক ভারী ধাতু, টক্সিন এবং বালাইনাশকের অবশিষ্টাংশ পরিমাপ করা হচ্ছে। কর্মপরিকল্পনা মোতাবেক অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।
	৪.১.১.২ 'পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যাক্রম জোরদারকরণ স্কিম' শীর্ষক কর্মসূচির আওতায় ইতোমধ্যে ৮৪০ জন কৃষককে প্রশিক্ষণ, কেমিক্যাল, অফিস সরঞ্জামাদি ও ল্যাবরটরী যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।

	৪.১.১.৩ 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ' শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, পাহাড়ের ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি নিয়ে কাজ করার জন্য পাহাড়ী এলাকায় ফিল্ড অফিস ভাড়া করা হয়েছে। এ প্রেক্ষিতে, মহাপরিচালক মহোদয় পাহাড়ী অঞ্চলে বিদ্যমান ধানের জার্মপ্লাজম, ধানভিত্তিক সংস্কৃতি/ঐতিহ্য এবং ধান উৎপাদনে প্রাচীন ব্যবহার্য তৈজষপত্র/উপকরণ সংগ্রহ অব্যাহত রাখতে কর্মসূচি পরিচালককে নির্দেশনা প্রদান করেন।
	৪.১.১.৪ 'নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ' শীর্ষক কর্মসূচির আওতায় কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণের উপর ১০টি প্রদর্শনী, ২টি মাঠ দিবস ও ২টি ডিলার সিটিং এবং গবেষণাগার যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা মোতাবেক অবশিষ্ট কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান।
	৪.১.১.৫ 'উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ' শীর্ষক কর্মসূচির কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে বলে কর্মসূচি পরিচালক সভাকে জানান। করেন। এ প্রেক্ষাপটে, ধান উৎপাদনকে সামনে রেখে ধানের অনুকূল আবহাওয়া/পরিবেশ এবং পানির সহজলভ্যতা বিবেচনা করে অঞ্চলভিত্তিক ধানভিত্তিক ফসল বিন্যাসকে গুরত্ব দিয়ে ধানের উৎপাদন বৃদ্ধির উপর জোর দেওয়ার জন্য কর্মসূচি পরিচালকসহ সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।
	৪.১.২ ব্রির রাইস মিউজিয়াম সমৃদ্ধ করতে ব্রির সকল স্তরের বিজ্ঞানীগণ বিভিন্ন কার্যক্রম যেমন প্রায়োগিক ট্রায়াল/প্রদর্শনী/মাঠদিবস/কৃষক প্রশিক্ষণসহ অন্যান্য কাজে যখন দেশের বিভিন্ন জেলায় ভ্রমণ করবেন তখন তাদেরকে ঐসব জেলার ধান ও ধানভিত্তিক সংস্কৃতি/ঐতিহ্য এবং ধান উৎপাদনে প্রাচীন ব্যবহার্য তৈজষপত্র/উপকরণ সংগ্রহ অব্যাহত রাখতে এবং প্রয়োজনে তৈজষপত্র/উপকরণসমূহ স্থানীয়ভাবে প্রস্তুতকারকদের মাধ্যমে তৈরী করে সংগ্রহ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া ব্রি'র সাবেক বিজ্ঞানীদের ডিজিটাল পোর্ট্রেট/ছবি দিয়ে ডকুমেন্টরি তৈরী করে তা মিউজিয়ামে সংরক্ষণ করা এবং প্রতি এডিপি সভা শেষে ব্রি কর্তৃপক্ষসহ সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয় প্রধানগণ রাইস মিউজিয়াম পরিদর্শন করে তা সমৃদ্ধ করতে মূল্যবান মতামত প্রদানের বিষয়েও আলোচনা হয়।
৪.২	৪.২.১ এছাড়া প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়ার প্রক্রিয়াটি চলমান আছে এবং ইতোমধ্যে নয়টি আঞ্চলিক কার্যালয়ের আওতায় নয়টি গ্রামে নয়জন উদ্যেক্তাকে যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে এবং সেখানে মেকানাইজেশনের মাধ্যমে চাষাবাদ হচ্ছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় বলেন মেকানাইজেশনের ক্ষেত্রে অবশ্যই সঠিক স্থান, সঠিক ব্যক্তি নির্বাচনে প্রাধান্য দিতে হবে। এ প্রেক্ষাপটে, মহাপরিচালক বলেন, মহোদয় "মেকানাইজড ভিলেজ" কার্যক্রমটি প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে হবে। উক্ত কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নে এফএমপিএচটি বিভাগ এবং প্রকল্প পরিচালক যন্ত্রপাতি, দক্ষ জনবল, প্রশিক্ষণসহ যাবতীয় কারিগরী ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রদান করবে মর্মে আবারও নির্দেশনা দেন। এছাড়া মেকানাইজড ভিলেজ নিয়মিত পরিদর্শন করে তার ফিডব্যাক প্রদানের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানকে নির্দেশনা দেওয়া হয়।
	৪.২.২ চলতি বোরো মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমলয় পদ্ধতিতে (Synchronized Cultivation) রোপনকৃত ধান মেকানাইজড পদ্ধতিতে কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালককে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।
৪.৩	৪.৩.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনী পর্যায়ক্রমে প্রতিটি ব্লকে ব্লক আকারে করতে এবং প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের পর্যবেক্ষণ পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদর্শনীর ডাটাবেইস তৈরীর কাজ দ্রুত সম্পন্ন হবে বলে পরিচালক (গবেষণা) সভাকে জানান। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় এ সকল প্রদর্শনী স্থাপনের ফলে চাষাবাদ এলাকা ও উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে লেখনী তৈরী করতে কৃষি অর্থনীতি বিভাগকে নির্দেশনা প্রদান করেন।
	৪.৩.২ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে চলতি আমন মওসুমে ব্রির গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ফসল কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও আমন মওসুমে ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ করে প্রতিবেদন প্রস্তুত করে অতি দ্রুত পরিচালক(গবেষণা) এর নিকট জমা দেওয়ার জন্য মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্টদের আবারও নির্দেশ প্রদান করেন।
৪.৪	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি নিয়ে সভায় আলোচনা করা হয়।
৪.৫	৪.৫.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুনী পাগল, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়।
	৪.৫.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজের অগ্রগতি নিয়ে ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, সভাকে জানান যে, স্থানীয় জাত গুলির সাথে ক্রসিং এর মাধ্যমে Rapid Elongating উন্নত জলি আমনের জাত উদ্ভাবনের কার্যক্রম চলমান আছে যা ১-৩ মিঃ গভীর পানিতে চাষ করা যাবে। তিনি আরও বলেন যে, Semi-Deep এলাকার উপযোগী ব্রি ধান ৯১ এর কৃষকের মাঠে স্থাপিত ট্রায়ালের ফলাফলের ভিত্তিতে জাতটির গ্রহণযোগ্যতা প্রমাণিত হয়েছে। এ জাতটির বীজ কৃষকদের নিকট হতে সংগ্রহ করে বিভিন্ন স্থানে প্রদর্শনী করা হচ্ছে। তিনি বলেন যে, জাতটির ব্রিডার বীজ সংরক্ষণ ও উৎপাদনের কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া Semi-Deep ও Medium, Stagnant এলাকার উপযোগী ALART এর ফলাফলের ভিত্তিতে ২টি জাত/লাইন চূড়ান্তকরণের জন্য ব্যবস্থা নেয়া হবে। এই লাইন ২টি ব্রি ধান৯১ এর চেয়ে বেশী ফলন দেবে এবং Medium Stagnant এলাকার চাষ করা যাবে।
	৪.৫.৩ নওগাঁ অঞ্চলের জিরা ও কুষ্টিয়ার মিনিকেট ধান সংগ্রহ করে পিওর লাইন নির্বাচনের বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় যা গবেষণা সংক্রান্ত পরবর্তী সভায় আলোচনা করা হবে মর্মে মহাপরিচালক মহোদয় উল্লেখ করেন।

৪.৬	‘Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI) ’ শীর্ষক ননএডিপিভূক্ত প্রকল্পের গবেষণা অগ্রগতির উপর একটি প্রতিবেদন ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে।
৪.৭	সভায় ব্রির প্রত্যেকটি বিভাগ ও আঞ্চলিক কার্যালয়কে পর্যায়ক্রমে তার যাত্রা শুরুর পর থেকে সময়ের ব্যবধানে বর্তমান সময় পর্যন্ত ধাপে ধাপে গবেষণা অগ্রগতির রূপান্তর (Transformation) বিষয়ক উপস্থাপনা প্রধান কার্যালয়ের সকল বিভাগের উপস্থাপনা সম্পন্ন হওয়ায় তা ব্রি ওয়েব সাইটে আপলোড করার জন্য সিস্টেম এনালিস্টকে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৫. ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী মার্চ/২০২২ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২১-২২ অর্থ বছরের এডিপি’তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট আরএডিপি বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। মার্চ/২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৬২.০০ লক্ষ টাকা; যা বরাদ্দের ৬৩.৫০% মাত্র। গত অর্থবছরে এডিপি বরাদ্দ ছিল ৩৩০০.০০ লক্ষ টাকা। মার্চ/২১ পর্যন্ত ব্যয় হয়েছিল ৬৪.৯২% (২১৪২.২২ লক্ষ টাকা)। ২০২১-২০২২ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৯টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মার্চ/২০২২ পর্যন্ত ৯টি দরপত্রের আহবান এবং ৭টি দরপত্রের কার্যাদেশ সম্পন্ন হয়েছে।

(খ) ২০২১-২০২২ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
১.উন্নয়ন প্রকল্প				
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৭টি	৪৮০.০০	৭টি	৭টি
১.২অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন	২টি	১৭.০০	২টি	-
উপমোট (প্রকল্প)	৯টি	৪৯৭.০০	৯টি	৭টি
২.উন্নয়ন কর্মসূচি				
২.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ	২টি	২৯.৯০	২টি	২টি
২.২ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যাক্রম জোরদারকরণ স্কিম (কর্মসূচি)	৩টি	১১৪.৫০	৩টি	৩টি
২.৩ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ	১টি	৫.৫০	১টি	১টি
২.৪ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ	১টি	৩১২.০০	১টি	১টি
২.৫ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ	৪টি	৩৮.৫০	৪টি	৪টি
উপমোট (কর্মসূচি)	**১১টি**	**৫০০.৪০**	**১১টি**	**১১টি**
সর্বমোট (১+২)	**২০টি**	**৯৯৭.৪০**	**১৮টি**	**১৮টি**

(গ) ২০২১-২০২২ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মার্চ/২০২২ পর্যন্ত)	মার্চ/২০২২ পর্যন্ত অগ্রগতি মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	গত বছরের মার্চ/২০২২ পর্যন্ত সময়ে অগ্রগতি মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মার্চ/ ২২ পর্যন্ত বাস্তব অগ্রগতি
১. উন্নয়ন প্রকল্প					
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৯০০.০০ (৯০০.০০) (-)	৫৮৫.০০ (৭৫.০০) ৫৮৫.০০ (৭৫.০০) -	৫৫৫.০০ (৬১.৬৭) ৫৫৫.০০ (৬১.৬৭) -	৫৬৭.২২ (৪৭.২৭) ৫৬৭.২২ (৪৭.২৭) -	৬৫.০০%
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	৩০০.০০ (৩০০.০০) (-)	২২৫.০০ (৭৫.০০) ২২৫.০০ (৭৫.০০) -	২০৭.০০ (৬৯.০০) ২০৭.০০ (৬৯.০০) (-)	- - -	৭০.০০%
উপমোট = ২টি প্রকল্প	**১২০০.০০** **(১২০০.০০)** **(-)**	**৮১০.০০ (৭৫.০০)** **৮১০.০০ (৭৫.০০)** -	**৭৬২.০০ (৬৩.৫০)** **৭৬২.০০ (৬৩.৫০)** -	**২১৪২.২২ (৬৪.৯২)** **২১৪২.২২ (৬৪.৯২)** -	-
২. উন্নয়ন কর্মসূচি					
২.১ বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ (মোট বরাদ্দ- ৯০৬.০০ লক্ষ টাকা)	৩৭.৯০ (৩৭.৯০) (-)	২৮.৪২৫ (৭৫.০০) ২৮.৪২৫ (৭৫.০০) -	১৮.৯৫ (৫০.০০) ১৮.৯৫ (৫০.০০) -	৪৮২.২৫ (৬৫.০৬) ৪৮২.২৫ (৬৫.০৬) -	৯৫.০০%
২.২ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যাক্রম জোরদারকরণ (মোট বরাদ্দ- ৫৮৪.৫০ লক্ষ টাকা)	১১৪.৫০ (১১৪.৫০) (-)	৮৫.৮৭৫ (৭৫.০০) ৮৫.৮৭৫ (৭৫.০০) -	৫৭.২৫ (৫০.০০) ৫৭.২৫ (৫০.০০) -	১৪২.৬৬ (৪০.১৯) ১৪২.৬৬ (৪০.১৯) -	৮৫.০০%
২.৩ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ১৮১.৩০ লক্ষ টাকা)	১০০.৯০ (১০০.৯০) (-)	৭৫.৬৭৫ (৭৫.০০) ৭৫.৬৭৫ (৭৫.০০) -	৭৫.৪৫ (৭৪.৭৮) ৭৫.৪৫ (৭৪.৭৮) -	- - -	৮৫.০০%
২.৪ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ (মোট বরাদ্দ- ৫৪৬.৯০ লক্ষ টাকা)	৩১৭.৯০ (৩১৭.৯০) (-)	৩১৭.৯০ (১০০.০০) ৩১৭.৯০ (১০০.০০) -	৩১৭.০০ (৯৯.৭২) ৩১৭.০০ (৯৯.৭২) -	- - -	৯৫.০০%
২.৫ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ৪২২.০০ লক্ষ টাকা)	২২২.০০ (২২২.০০) (-)	১৬৬.৫০ (৭৫.০০) ১৬৬.৫০ (৭৫.০০) -	১৪৮.৮০ (৬৭.০৩) ১৪৮.৮০ (৬৭.০৩) -	- - -	৯০.০০%

উপমোট = ৫টি কর্মসূচি (মোট বরাদ্দ- ২৬৪০.৭০ লক্ষ টাকা)	৭৯৩.২০ (৭৯৩.২০) (-)	৬৭৪.৩৭৫ (৮৫.০২) ৬৭৪.৩৭৫ (৮৫.০২) -	৬১৭.৪৫ (৭৭.৮৪) ৬১৭.৪৫ (৭৭.৮৪) -	৬৮৭.৪৬ (৫৭.০৬) ৬৮৭.৪৬ (৫৭.০৬) -	-
৩. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৫০৮.৯৭ ১০৫০৮.৯৭ (-)	৮০১২.০৪ (৭৬.২৪) ৮০১২.০৪ (৭৬.২৪) -	৭২৫৬.০০(৬৯.০৫) ৭২৫৬.০০(৬৯.০৫) -	৭৪৭৫.৮৩ (৬৭.০০) ৭৪৭৫.৮৩ (৬৭.০০) -	৭৭.০০%
উপমোট	১০৫০৮.৯৭ ১০৫০৮.৯৭ (-)	**৮০১২.০৪ (৭৬.২৪) ৮০১২.০৪ (৭৬.২৪)** -	**৭২৫৬.০০ (৬৯.০৫) ৭২৫৬.০০ (৬৯.০৫)** -	**৭৪৭৫.৮৩ (৬৭.০০) ৭৪৭৫.৮৩ (৬৭.০০)** -	-
সর্বমোট (১+২+৩)	**১২০৮২.১৭ ১২০৮২.১৭ (-)**	**৯৪৯৬.৪১৫ (৭৮.৬০) ৯৪৯৬.৪১৫ (৭৮.৬০)** -	**৮৬৩৫.৪৫ (৭১.৪৭) ৮৬৩৫.৪৫ (৭১.৪৭)** -	**১০৩০৫.৫১ (৬৫.৮০) ১০৩০৫.৫১ (৬৫.৮০)** -	-

ঘ) বিবিধ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI)

প্রকল্পের মেয়াদ কাল: ১ ডিসেম্বর ২০১৯ থেকে ৩০ নভেম্বর ২০২৩ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩৩৬৪.০০ লক্ষ টাকা (তেত্রিশ কোটি চৌষট্টি লক্ষ টাকা মাত্র), ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ ৬২৬.১৭ লক্ষ টাকা, ২০২১-২০২২ অর্থবছরের মার্চ/২০২২ পর্যন্ত ব্যয় ৪৫১.৬০ লক্ষ টাকা (৭২.১২%), প্রকল্পের শুরু থেকে মার্চ/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৫০১.১৪ লক্ষ টাকা (৪৪.৬২%)।

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১ ২০২১-২২ অর্থবছরে আরএডিপিতে অন্তর্ভূক্ত প্রত্যেকটি প্রকল্প ও কর্মসূচির কর্মপরিকল্পনা অনুযায়ী এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার পাশাপাশি সকল কাজের গুণগত মান ও স্বচ্ছতা বজায় রাখতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/ নির্বাহী প্রকৌশলী
	১.২ ২০২১-২২ অর্থবছরে নতুন অনুমোদিত কর্মসূচিসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অতি দ্রুত প্রস্তুত করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এছাড়া আগামি ২০২২-২৩ অর্থবছরের সকল প্রকল্প/কর্মসূচিসমূহের সম্ভাব্য ক্রয় পরিকল্পনা এবং ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের স্পেসিফিকেশন প্রস্তুত করত: দরপত্রের সকল প্রক্রিয়া সম্পন্ন করে জুলাই/২০২২ এর মধ্যে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/ নির্বাহী প্রকৌশলী/সহকারী পরিচালক(সংগ্রহ)
	১.৩ সকল গবেষণা বিভাগের ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সুষ্ঠুভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে ব্রির এ্যাক্রিডিটেড ল্যাব কমিটিকে একটি তালিকা প্রস্তুত করার পাশাপাশি এসব ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপযুক্ত সেবা প্রদানকারীদের (Service Provider) সাথে আলোচনান্তোর পরবর্তী সভায় পরিচালক(গবেষণা) কে এর ফিডব্যাক উপস্থাপন করতে হবে।	এ্যাক্রিডিটেড ল্যাব কমিটি এবং পরিচালক(গবেষণা)
	১.৪ ফসল পঞ্জিকার আলোকে দেশের বিভিন্ন অঞ্চলের ধানভিত্তিক শস্য বিন্যাসকে গুরত্ব দিয়ে অপ্টিমাম সময়ে বপন ও অন্যান্য কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনার উপর জোর দিয়ে ধানের উৎপাদনশীলতা বৃদ্ধি অব্যাহত এবং আগামি ১৫ জুন/২০২২ এর মধ্যে ধানভিত্তিক শস্য বিন্যাসকে গুরত্ব দিয়ে অঞ্চলভিত্তিক ফসল বিন্যাসের উপর কর্মশালার আয়োজন করতে হবে।	প্রধান আরএফএস বিভাগসহ সংশ্লিষ্ট সকল গবেষণা বিভাগ
	১.২ ব্রি রাইস মিউজিয়াম সমৃদ্ধ করতে ব্রির সকল স্তরের বিজ্ঞানীগণ বিভিন্ন কার্যক্রম যেমন প্রায়োগিক ট্রায়াল/প্রদর্শনী/মাঠদিবস/কৃষক প্রশিক্ষণসহ অন্যান্য কাজে বিভিন্ন জেলায় ভ্রমণ করলে ঐসব জেলার ধান ও ধানভিত্তিক সংস্কৃতি/ঐতিহ্য এবং ধান উৎপাদনে প্রাচীন ব্যবহার্য তৈজষপত্র/উপকরণ সংগ্রহ করবে এবং প্রয়োজনে তৈজষপত্র/উপকরণসমূহ স্থানীয়ভাবে প্রস্তুতকারকদের মাধ্যমে তৈরী করার কার্যক্রম চলমান থাকবে।	বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণসহ সকল বিজ্ঞানী

২.	২.১ প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়তে হবে। “মেকানাইজড ভিলেজ” কার্যক্রমটি প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে হবে। উক্ত কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নে এফএমপিএচটি বিভাগ এবং প্রকল্প পরিচালক যন্ত্রপাতি, দক্ষ জনবল, প্রশিক্ষণসহ যাবতীয় কারিগরী ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট প্রদান করবে। এছাড়া সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানকে মেকানাইজড ভিলেজ কার্যক্রম নিয়মিত পরিদর্শন করে তার ফিডব্যাক প্রদান করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
	২.২ চলতি বোরো মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমলয় পদ্ধতিতে (Synchronized Cultivation) রোপনকৃত ধান মেকানাইজড পদ্ধতিতে কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালককে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।	সকল আঞ্চলিক কার্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.	৩.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রতিটি ব্লকে পর্যায়ক্রমে ব্লক আকারে প্রদর্শনী করতে হবে এবং প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের পর্যবেক্ষণ পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ কে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদশর্নীর ডাটাবেইস তৈরীর কাজ চলমান থাকবে। এছাড়া প্রদর্শনীর ফলে উৎপাদন এলাকা এবং উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে কৃষি অর্থনীতি বিভাগকে লেখনী তৈরি করতে হবে।	পরিচালক (গবেষণা), ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ
	৩.২ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে চলতি আমন মওসুমে ব্রির গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ফসল কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও আমন মওসুমে ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ করে একটি প্রতিবেদন পরিচালক (গবেষণা) এর নিকট প্রেরণ করবেন।	সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
৪.	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
৫.	৫.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, রাধুনী পাগল, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং কৌলি সম্পদ ও বীজ বিভাগ
	৫.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকুড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়া অন্যান্য সংগ্রহত্তোর স্থানীয় জাতসমূহ থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণের পাশাপাশি এসব জাতসমূহের আলোক সংবেদনশীলতা পরীক্ষা করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিভাগীয় প্রধান, কৌলি সম্পদ ও বীজ বিভাগ এবং উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ
৬.	প্রধান কার্যালয়ের সকল গবেষণা বিভাগের অগ্রগতির রূপান্তর (Transformation) বিষয়ক উপস্থাপনা সম্পন্ন হওয়ায় তা ব্রি ওয়েব সাইটে আপলোড করতে হবে এবং আঞ্চলিকসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-৪-২০২২

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ, বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধানগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, ব্রি।

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০
ফ্যাক্স: ৪৯২৭২০০০
ইমেইল: dg@brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.১১০/১(৩)

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯
২৪ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
২) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
৩) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

২৭-৪-২০২২
মুঃ মুনিরুল ইসলাম
প্রিন্সিপাল প্লানিং অফিসার